প্রথম আলো

22 APR 2016

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

# অভিযোগনামা চেয়েছেন তিন শিক্ষক

রাজধানী প্রতিবেদক ●

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের স্নাতকোত্তরের শিক্ষা কার্যক্রম থেকে অব্যাহতি দেওয়া সেই তিন শিক্ষক বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে অভিযোগনামা চেয়েছেন। গত বুধবার তাঁরা বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে অভিযোগনামা চেয়ে আবেদন করেন।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য দপ্তর সূত্র জানায়, আবেদনে ওই তিন শিক্ষকের বিরুদ্ধে কী কী অভিযোগ আনা হয়েছে, তা তাঁরা জানতে চেয়েছেন। তবে গতকাল বৃহস্পতিবার পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে তাঁদের কোনো উত্তর দেওয়া হয়নি।

১১ এপ্রিল গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের এক ছাত্রীকে হুমকির অভিযোগের পরিপ্রেক্ষিতে বিভাগের সহযোগী অধ্যাপক মীর মোশারেফ হোসেন এবং প্রভাষক প্রিয়াংকা স্বর্ণকার ও প্রভাষক বর্ণনা ভৌমিককে স্নাতকোত্তরের শিক্ষা কার্যক্রম থেকে অব্যাহতি দেওয়া হয়। এই তিনজন শিক্ষক গতকাল *প্রথম আলোকে* জানিয়েছেন, তাঁদের বিরুদ্ধে কী কী অভিযোগ আনা হয়েছে, তা তাঁরা জানেন না। বরং আত্মপক্ষ সমর্থনের কোনো সুযোগ না দিয়েই শাস্তি দিয়েছে কর্তৃপক্ষ। তাই বিষয়টি সম্পর্কে জানতে প্রশাসনের কাছে অভিযোগনামার একটি লিখিত পূর্ণ বিবরণ চেয়েছেন।